110

ভোরের কাগজ

তারিখ ... MAR. 28 1999 .. ..
পৃঃ 2 কলাম 6

## ভিক্টোরিয়া কলেজের শতবর্ষ উদযাপন উপলক্ষে কমিটি গঠিত

ঐতিহ্যবাহী কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের শতবর্ষপূর্তি উপলক্ষে আগামী ২৪ এপ্রিল থেকে কুমিল্লা শহরের রানীর দিঘির পাড়ের মূল কলেজ ভবন প্রাঙ্গণে বর্ষব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে। র‍্যালি ও অন্যান্য কর্মসূচির মাধ্যমে এ অনুষ্ঠানের উদ্বোধন করা হবে।

এ উপলক্ষে কলেজের সাবেক ছাত্রছাত্রীদের সংগঠন 'ওল্ড ভিক্টোরিয়ান্স', কলেজ কর্তৃপক্ষ, ছাত্র সংসদ এবং বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদের সমন্বয়ে একটি সাংগঠনিক কমিটি গঠন করা হয়েছে।

অনুষ্ঠানের বিভিন্ন কার্যক্রমে যোগদানেচ্ছু ছাত্র-শিক্ষক-কর্মচারীদেরকে অবিলম্বে ওল্ড ভিক্টোরিয়ান্সের ক্যাম্প অফিস, বাড়ি নং-১১, সড়ক নং-৪, ধানমন্ডি আ/এ, ফোন-৯৬৬০৭৩৯ অথবা কলেজের উপাধ্যক্ষ কিংবা ছাত্র সংসদের সঙ্গে যোগাযোগ করতে অনুরোধ জানানো হয়েছে। বিজ্ঞপ্তি।